গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সমন্বয় অনুবিভাগ
www.cabinet.gov.bd

১৯ জ্যৈষ্ঠ ১৪২৩

নম্বর: ০৪.০০.০০০০.৭২২.৫৮.০০১.১৬.১১৩ তারিখ:-----------------

০২ জুন ২০১৬

**পরিপত্র**

জুলাই ২০১৫-এ মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ (National Social Security Strategy of Bangladesh, 2015)-এর সুষ্ঠু এবং কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত আদেশ জারি করা হইল:

২। **বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার (thematic programme cluster) গঠন:**

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ এর ৬.৩.১ অনুচ্ছেদের নির্দেশানুযায়ী এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির গত ১৮ অক্টোবর ২০১৫ এবং ৫ মে ২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী দেশের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের ব্যবস্থাপনা সহজিকরণ, দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতা নিশ্চিত করিবার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের কর্মকাণ্ডের অভিন্নতা বা ঘনিষ্টতার ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের সমন্বয়ে নিম্নোক্ত পাঁচটি 'বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার' গঠন করা হইল:

| **ক্রমিক নম্বর** | **বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার** | **বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ** | **ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ** |
|---|---|---|---|
| ১। | সামাজিক সহায়তা | ১. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৪. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br>৫. স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়<br>৬. স্থানীয় সরকার বিভাগ<br>৭. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৮. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ২। | খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা | ১. খাদ্য মন্ত্রণালয়<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়<br>৩. স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়<br>৪. কৃষি মন্ত্রণালয়<br>৫. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৬. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>৭. অর্থ বিভাগ<br>৮. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৯. বাণিজ্য মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় |
| ৩। | সামাজিক বিমা | ১. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>২. অর্থ বিভাগ<br>৩. স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

| ক্রমিক নম্বর | বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ | ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| | | ৪. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৫. সমাজকল্যাণ মন্ত্রণালয় | |
| ৪। | শ্রম ও জীবিকায়ন | ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়<br>২. স্থানীয় সরকার বিভাগ<br>৩. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ<br>৪. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৬. অর্থ বিভাগ<br>৭. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৮. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>৯. কৃষি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| ৫। | মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন | ১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>২. প্রধানমন্ত্রীর কার্যালয়<br>৩. ভূমি মন্ত্রণালয়<br>৪. শিক্ষা মন্ত্রণালয়<br>৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৬. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৭. স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়<br>৮. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>৯. শিল্প মন্ত্রণালয়<br>১০. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>১১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>১২. যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |

৩। **বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টারসমূহের কার্যপরিধি:**

(ক) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫-এর আলোকে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহ ঢেলে সাজানোর লক্ষ্যে কর্মসূচিসমূহের সংস্কার, সমন্বয় ও একীভূতকরণে একই ক্লাস্টারভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনাসমূহের সমন্বয় সাধন;

(খ) ক্লাস্টারসমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ ক্লাস্টারভুক্ত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মপরিকল্পনা সমন্বয়ের মাধ্যমে ক্লাস্টারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বাধীন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন;

(গ) ক্লাস্টারভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্পসমূহ চিহ্নিতকরণপূর্বক তা অবসান অথবা বহাল রাখার যৌক্তিক প্রস্তাব (business case) প্রস্তুত করে সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ;

(ঘ) কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ নিশ্চিতকরণের লক্ষ্যে অর্থ বিভাগের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় সাধন;

(ঙ) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ বাস্তবায়নের উদ্দেশ্যে ক্লাস্টার সংশ্লিষ্ট বিষয়ে আইন, বিধি বা নীতিমালা ইত্যাদি প্রণয়ন তথা প্রাতিষ্ঠানিক সংস্কারের প্রয়োজনীয়তা নির্ধারণ এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটিতে এ সংক্রান্ত সুপারিশ উপস্থাপন;

(চ) ক্লাস্টারভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(ছ) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের কর্মকাণ্ডের মধ্যে দ্বৈততা (duality), অধিক্রমন (overlapping), অপচয় (misuse) ও সুবিধাভোগী নির্বাচন প্রমাদ' (targeting error) পরিহারের লক্ষ্যে কর্মসূচির সমন্বিত নকশা প্রণয়ন, সঠিক ও নির্ভুল টর্গেটিং নিশ্চিতকরণ এবং কার্যকর বাস্তবায়ন; এবং

(জ) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য যে কোন বিষয়।

৪। **বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার কমিটি গঠন:**

প্রতিটি বিষয়ভিত্তিক ক্লাস্টারের সমন্বয়কের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে একটি করে ক্লাস্টার কমিটি গঠন করা হইবে যা '[বিষয়ভিত্তিক ক্লাস্টারের শিরোনাম] ক্লাস্টার কমিটি' নামে অভিহিত হইবে। উদাহরণস্বরূপ: 'সামাজিক সহায়তা ক্লাস্টার কমিটি'। ক্লাস্টারের অন্তর্ভুক্ত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এই কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হইবেন। ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি ফোকাল পয়েন্ট এই কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৫। **বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার কমিটি সংক্রান্ত অন্যান্য নির্দেশাবলি:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ক্লাস্টারের কার্যপরিধিই এই কমিটির কার্যপরিধি হিসাবে অন্তর্ভুক্ত হইবে;

(খ) কমিটি প্রতি দুই মাসে অন্ততঃ একবার সভায় মিলিত হইবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে।

(গ) অনুচ্ছেদ ৬-এ উল্লিখিত ক্রসকাটিং মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রতিনিধিগণকে সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাইতে হইবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত রেখে প্রয়োজনের নিরিখে যে কোন মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থার প্রতিনিধিকে ক্লাস্টার কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে; এবং

(ঙ) এ প্রজ্ঞাপন জারির ১৫ কার্যদিবসের মধ্যে ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ বর্ণিত কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৬। এছাড়াও, বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টারের সহযোগী হিসাবে কতিপয় মন্ত্রণালয়/বিভাগ নিম্নোক্ত ক্রসকাটিং ভূমিকা পালন করিবে:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ:

(১) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসংক্রান্ত প্রকল্পসমূহ সমন্বয়, একীভূতকরণ অথবা অবসানের বিষয়ে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনাপূর্বক পরবর্তী কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(২) সামাজিক নিরাপত্তা কার্যক্রম সংক্রান্ত ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (Management Information System-MIS) এবং বার্ষিক পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন (Annual Monitoring & Evaluation-AM&E) প্রস্তুতকরণ;

(৩) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS) স্থাপন; এবং

(৪) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান।

(খ) অর্থ বিভাগ:

(১) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির জন্য বাজেট বরাদ্দ প্রদান এবং আর্থিক বিষয়ে তদারকিকরণ।

(গ) সাধারণ অর্থনীতি বিভাগ:

(১) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সমূহের একটি ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো প্রস্তুতকরণ এবং বার্ষিক পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন;

(২) পঞ্চবার্ষিক পরিকল্পনা ও অন্যান্য জাতীয় কৌশলের সঙ্গে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের পরিকল্পনার সামঞ্জস্য বিধান;

(৩) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্পসমূহ অবসান বা অব্যাহত রাখার বিষয়ে ক্লাস্টার সমূহের প্রস্তাব পর্যালোচনাপূর্বক সিদ্ধান্তের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।

(ঘ) স্থানীয় সরকার বিভাগ:

(১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে অংশগ্রহণ পদ্ধতিতে সুবিধাভোগী চিহ্নিতকরণে সহযোগিতা প্রদান;

(২) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির সুবিধাভোগী নির্বাচন সম্পর্কিত অভিযোগ ও বিরোধ নিষ্পত্তি এবং এই সংক্রান্ত বীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা স্থাপনে সহায়তা প্রদান; এবং

(৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি মাঠপর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলির মাধ্যমে সহায়তা প্রদান।

(ঙ) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ:

(১) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়নকরণ।

(চ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ:

(১) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত উপকারভোগীর তথ্যভান্ডার (database) তৈরি, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করা।

৭। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(মো: আশফাকুল আমিন মুকুট)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৪২৫
ইমেইল: dc_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ।
২. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৩. সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়।
৪. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়।
৫. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬. সচিব, পরিকল্পনা বিভাগ।
৭. সচিব, ভূমি মন্ত্রণালয়।
৮. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১০. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
১১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১২. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩. সচিব, কৃষি মন্ত্রণালয়।
১৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১৫. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
১৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৭. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৮. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১৯. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২০. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২১. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২২. সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
২৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়।
২৪. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
২৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২৬. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২৭. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২৮. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৩০. ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩১. ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
৩২. ভারপ্রাপ্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩৩. ভারপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২২.৫৮.০০১.১৬.১১৩/১(৩)

১৯ জ্যৈষ্ঠ ১৪২৩
তারিখ:-------------------
০২ জুন ২০১৬

সদয় অবগতি ও কার্যার্থে:
১. অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের একান্ত সচিব।

২/৬/১৬

(মো: আশফাকুল আমিন মুকুট)
সিনিয়র সহকারী সচিব